


শর্তাবলী:

- ০১। উপ-বরাদ্দকৃত সারের টন প্রতি ক্রয়মূল্য টিএসপি-২০,০০০/- (বিশ হাজার) টাকা, এমওপি- ১৩,০০০/- (তের হাজার) টাকা এবং ডিএপি- ১৪,০০০/- (চৌদ্দ হাজার) টাকা মাত্র। ডিলার/ খুচরা সার বিক্রিতা পর্যায়ে সারের সর্বোচ্চ খুচরা মূল্য কেজি প্রতি টিএসপি-২২/- (বাইশ) টাকা, এমপি-১৫/- (পনের) টাকা, এবং ডিএপি-১৬/- (ষোল) টাকা।
- ০২। ডিলারগণ সার উত্তোলন করে গুদামে মজুদ করার পর আগমনি বার্তা সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, উপজেলা সার/বীজ মনিটরিং কমিটি এবং উপজেলা কৃষি অফিসার বরাবর দাখিল করে সারের সকল বস্তায় লাল কালিতে ভর্তুকির সার লেখা সিল প্রদান করবেন। বস্তায় সিল প্রদানের বিষয়টি সংশ্লিষ্ট উপজেলার নির্বাহী অফিসার ও উপজেলা কৃষি অফিসার নিশ্চিত করবেন।
- ০৩। বরাদ্দকৃত সার জেলা সার ও বীজ মনিটরিং কমিটি কর্তৃক নির্ধারিত মূল্যে কৃষক পর্যায়ে বিক্রয় করতে হবে এবং সারে ভর্তুকি প্রদান সংক্রান্ত যাবতীয় নীতিমালা ও অন্যান্য নিয়মাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- ০৪। নির্ধারিত মূল্যের অতিরিক্ত মূল্যে সার বিক্রয় করা যাবে না। এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট ডিলারের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ০৫। বরাদ্দ মোতাবেক নন-ইউরিয়া (টিএসপি, এমওপি ও ডিএপি) সার কৃষকের নিকট বিক্রি হচ্ছে কিনা তা মনিটরিং করা হবে। এ বিষয়ে প্রয়োজনীয় রেজিস্টার ও আনুষ্ঠানিক কাগজপত্র যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
- ০৬। সার পৌঁছার পর উপজেলা কৃষি অফিসার কর্তৃক মজুদ যাচাই করতে হবে এবং সার পৌঁছার প্রমাণ স্বরূপ অ্যারাইভাল রিপোর্ট (Arrival report) এর কপি উপজেলা কৃষি অফিসার ও উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক সত্যায়নপূর্বক কৃষিমন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
- ০৭। কোন ডিলার সার উত্তোলন না করলে উক্ত এলাকায় কৃত্রিম সংকট দেখা দিলে ঐ এলাকার দায়িত্বপ্রাপ্ত ডিলারের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ০৮। এ জেলার বরাদ্দকৃত সার অন্য জেলা বা অন্য উপজেলার ডিলারদের মধ্যে বিক্রয় করা যাবে না। বিষয়টি উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি মনিটর করবে এবং জেলা সার ও বীজ মনিটরিং কমিটিকে অবহিত করবে।
- ০৯। ডিলারগণ অনুমোদিত উৎস ব্যতিত অন্য কোন উৎস থেকে সার সংগ্রহ বা ক্রয়-বিক্রয় করতে পারবেন না।


(সালেহীন তানভীর গাজী)

জেলা প্রশাসক

জয়পুরহাট

ফোন: (+৮৮)০৫৭১-৬২২০৮

ই-মেইল: dcjoypurhat@mopa.gov.bd

প্রাপক:

মেসার্স

প্রা:

বিসিআইসি /বিএডিসি সার ডিলার উপজেলা জয়পুরহাট

অনুলিপি: (সদয় সন্মতার্থে ও কার্যার্থে)

- ০১। পিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: উপ-প্রধান, সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা)
- ০২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ০৩। চেয়ারম্যান, বিসিআইসি, বিসিআইসি ভবন, ৩০-৩১, দিলকুশা বা/এ, ঢাকা
- ০৪। চেয়ারম্যান, বিএডিসি, কৃষি ভবন, ৪৯-৫১, দিলকুশা বা/এ, ঢাকা
- ০৫। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া অঞ্চল, বগুড়া
- ০৬। মুখ্য পরিচালক (সার), বিএডিসি, বগুড়া
- ০৭। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জয়পুরহাট। (তাকে নন-ইউরিয়া সারের ভর্তুকী প্রদানের নীতিমালা/পদ্ধতির ১৭অনুলিপি অনুসারে কৃষি মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ জানানো হলো)
- ০৮। উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা কৃষি অফিসার.....জয়পুরহাট। (তাকে উপ-বরাদ্দকৃত সার ডিলারগণ সঠিক সময়ে যেন উত্তোলন করেন সে বিষয়ে নিয়মিত মনিটরিং রিপোর্ট উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জয়পুরহাট বরাবর প্রেরণসহ কোথাও এর ব্যত্যয় ঘটলে তাৎক্ষণিক অবহিত করতে অনুরোধ জানানো হলো।
- ০৯। সহকারী পরিচালক (সার), বিএডিসি সার গুদাম, সাত্তাহার, বগুড়া।
- ১০। এপোলো ট্রেড ইন্টা: নোয়াপাড়া।
- ১১। দেশ ট্রেডিং কর্পোরেশন, নগরবাড়ি।
- ১২। সভাপতি, বিএফএ, জয়পুরহাট জেলা শাখা, জয়পুরহাট (সার ডিলারগণ যাতে জরুরী ভিত্তিতে উপ-বরাদ্দকৃত সারের টাকা জমা প্রদানপূর্বক সার উত্তোলন করেন সে বিষয়ে নিশ্চিত করতে হবে)।
- ১৩। সভাপতি, বিএডিসি সার ডিলার এসোসিয়েশন, জয়পুরহাট (সার ডিলারগণ যাতে জরুরীভিত্তিতে উপ-বরাদ্দকৃত সারের টাকা জমা প্রদানপূর্বক সার উত্তোলন করেন সে বিষয়ে নিশ্চিত করতে হবে)।



